

ফল পুনঃনিরীক্ষণ

আলিমে ফেল থেকে পাস ১০, জিপিএ-৫ পেলেন ৬ জন



ছবি-সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৪ নভেম্বর ২০২৪ | ১৫:৩২



মাদরাসা বোর্ডের অধীনে আলিম পরীক্ষার উত্তরপত্র চ্যালেঞ্জ বা ফল পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশ করা হয়েছে। এতে ফেল থেকে পাস করেছেন ১০ জন শিক্ষার্থী। আর নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৬ জন।

বৃহস্পতিবার দুপুর ২টার দিকে এ ফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, এবার আলিম পরীক্ষার ফল প্রকাশের পর ২ হাজার ৭১৪ জন শিক্ষার্থী ফলাফলে অসন্তুষ্ট হয়ে আবেদন করেন। তারা ৭ হাজার ৭৩৮টি পত্রের খাতা চ্যালেঞ্জ করেন। এতে ৩৬ জনের ফলাফলে পরিবর্তন এসেছে।

তার মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৬ জন। ফেল থেকে পাস করেছেন ১০ জন। তাছাড়া জিপিএ পরিবর্তন হয়েছে আরও ১৩ জনের।

গত ১৫ অক্টোবর এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এতে আলিমে পাসের হার ছিল ৯৩ দশমিক ৪০ শতাংশ। সারাদেশে জিপিএ-৫ পেয়েছিলেন ৯ হাজার ৬১৩ জন শিক্ষার্থী।